# অধ্যক্ষের কথা

বরিশাল জেলার উজিরপুর উপজেলার পশ্চিমাঞ্চলে হাবিবপুর এলাকায় ১৯৮৬ সনে স্থানীয় সংসদ সদস্য মরহুম সৈয়দ আজিজুল হক (নান্না মিয়া) সাহেবের নামকরণগে কলেজটির নামকরণ করা হয় সৈয়দ আজিজুল হক ডিগ্রী কলেজ, হাবিবপুর। কলেজটি প্রতিষ্ঠা করেন তাঁরই যোগ্য উত্তরসূরী, জ্যেষ্ঠ পুত্র এ্যাডভোকেট সৈয়দ মাইনুল হক।

প্রত্যন্ত বিল এলাকায় হলেও এখানে (হাবিবপুরে) একটি মাধ্যমিক বিদ্যালয়, একটি বালিকা মাধ্যমিক বিদ্যালয়, একটি সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং সর্বশেষ ১৯৮৬ সনে প্রতিষ্ঠিত হয় কলেজটি। সুতরাং শিক্ষার সুন্দর পরিবেশ এখানে পূর্ব থেকেই বিরাজমান।

প্রতিষ্ঠালগ্ন থেকেই কলেজটি এ অঞ্চলের মেধা বিকাশের গুরু দায়িত্ব বহন করে আসছে। প্রায় প্রতিবছর মেধা তালিকায় এ কলেজের ছাত্র-ছাত্রীদের স্থান লাভ, সুযোগ্য পরিচালনা পরিষদ ও দক্ষ শিক্ষক শিক্ষিকাদের যোগ্যতা এবং অভিভাবকদের সহযোগিতার পরিচায়ক।

এখানে শ্রেণীকক্ষে নিয়মিত পাঠদান ছাড়াও সাপ্তাহিক পরীক্ষা, ১ম সাময়িক পরীক্ষা, অর্দ্ধ-বার্ষিক পরীক্ষা, প্রাক নির্বাচনী পরীক্ষা ও নির্বাচনী পরীক্ষার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মূল্যায়নের ব্যবস্থা আছে। শিক্ষক শিক্ষিকাগণ ছাত্র-ছাত্রীদের শুধু ক্লাশেই নয়, ক্লাশের বাহিরে তাদের অবস্থান ও পড়াশুনা সম্পর্কে খোঁজ খবর রাখেন। এভাবে পরিচালিত হয় কলেজের একাডেমিক কার্যক্রম।

অধ্যক্ষ

সৈয়দ আজিজুল হক ডিগ্রী কলেজ

হাবিবপুর, উজিরপুর, বরিশাল